



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



শীতকল্প ১৪৩০ অনুষ্ঠিত



৬ ফেব্রুয়ারি ২০২৪-মঙ্গলবার বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য চত্বরে 'বন্ধু, এখানে শুকনো পাতায় আগুন জ্বালো' প্রতিপাদ্যকে সামনে রেখে শীতকল্প ১৪৩০ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, “উদীচী শিল্পীগোষ্ঠী সৃষ্টির মূল লক্ষ্য হলো গণজাগরণমূলক গান গেয়ে জনসচেতনতা বৃদ্ধি করা। আর সেই সচেতনতা হচ্ছে আমাদের মধ্যে মূল্যবোধ তৈরি করা। এই মূল্যবোধ গড়ে উঠবে অসাম্প্রদায়িক বাংলাদেশ, নারী পুরুষের মধ্যে সমতা, বৈষম্যহীন সমাজ এবং বহুমাত্রিক বাংলাদেশের সমন্বয়ে।”

তিনি আরো বলেন, “আমরা নিজেদের নারী বা পুরুষ না ভেবে মানুষ হিসেবে ভাবলে উন্নত বিশ্বের মতো এগিয়ে যেতে পারবো।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম এবং চারুকলা অনুষদের ডিন অধ্যাপক মোহা. আলপ্তগীন।

অনুষ্ঠানের তত্ত্বাবধায়নে ছিলেন বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ হাফিজুল ইসলাম।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় বিভিন্ন অনুষ্ঠানের দিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উদীচী শিল্পীগোষ্ঠী জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদের বিভিন্ন পরিবেশনার পাশাপাশি ছিল বিশ্ববিদ্যালয়ের ক্রিয়াশীল সংগঠন, পুঁথিপাঠ সহ বিভিন্ন ব্যান্ডদলের পরিবেশনা।